

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ # ৭/৭-এ, ব্লক # এইচ-১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা-১২৩০।

বিজ্ঞপ্তি নং-বিজিএ/এমআইএস/ডাটাবেজ/২০২৩/ ৩০৭

২৩ ডিসেম্বর ২০২৩

বিষয়ঃ সম্পূর্ণ অনলাইন ভিত্তিতে Export Order আবেদন দাখিল প্রসঙ্গে।


এতদ্বারা সম্মানিত সকল সদস্যের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইতিমধ্যে আপনাদের সকলের আন্তরিক সহযোগিতায় বিজিএমইএতে ইউডি / ইউডি সংশোধনীসমূহ ও ফ্লি অব কস্ট (FOC) এবং সেই সাথে সকল ফি অনলাইনে গ্রহন ও সেবা প্রদান করা সম্পূর্ণ ভাবে সম্ভবপর হয়েছে।

বিজিএমইএ'র বর্তমান পরিচালনা পর্যদ দায়িত্ব গ্রহন করার পর সদস্য প্রতিষ্ঠানসমূহকে স্বল্প সময়ে সেবা প্রদান করার লক্ষ্যে Export Order আবেদন প্রচলিত পদ্ধতির (ম্যানুয়াল) পরিবর্তে ১লা জানুয়ারী ২০২৪ তারিখ হতে সম্পূর্ণ অনলাইনে করার সিদ্ধান্ত গ্রহন করেছে। ইতিমধ্যে Export Order অনলাইনে জারী করার যাবতীয় কার্যক্রম সম্পন্ন হয়েছে।

সদস্য প্রতিষ্ঠানসমূহ ৩১ জানুয়ারী ২০২৪ তারিখ পর্যন্ত Export Order অনলাইন অথবা প্রচলিত পদ্ধতির (ম্যানুয়াল) যে কোন একটি পদ্ধতিতে আবেদন করতে পারবে। তবে আগামী ১লা ফেব্রুয়ারী ২০২৪ তারিখ হতে শুধুমাত্র অনলাইনে প্রেরণ ব্যতীত কোন আবেদন গ্রহন করা হবে না।

এ ব্যাপারে আপনাদের আন্তরিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে,



মোঃ ফয়জুর রহমান

মহাসচিব, বিজিএমইএ